# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৪২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রসুন, পেয়াজ ও পলাণ্ডু (পেয়াজ জাতীয় সবজি) ভক্ষনকারী এসবের গন্ধ দূর না হওয়া পর্যন্ত মসজিদে গমন করার ব্যাপারে হুশিয়ারী

ذِكْرُ الزَّجْرِ عَنْ إِتْيَانِ الْمَسَاجِدِ لِآكِلِ الثُّومِ وَالْبَصَلِ وَالْكُرَّاثِ إِلَى أَنْ تَذْهَبَ رَائِحَتُهَا

আরবী

1642 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ عَبْدِ اللَّهِ الْقَطَّانُ بِالرَّقَّةِ قَالَ: حَدَّثَنَا عُقْبَةُ بْنُ مُكْرَمٍ قَالَ: حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ قَالَ: حَدَّثَنَا عطَاءٌ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم قَالَ: (مَنْ أَكَلَ مِنْ هَذِهِ الْبَقْلَةِ: الثُّومِ وَالْبَصَلِ وَالْكُرَّاثِ فَلَا يَغْشَنَا فِي مَسَاجِدِنَا فَإِنَّ الملائكة تتأذى مما يتأذى منه الإنس)

الراوي : جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1642 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (547)

বাংলা

১৬৪২. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি রসূন, পেয়াজ ও পলাণ্ডু (পেয়াজ জাতীয় সবজি) এসব সবজি ভক্ষন করবে, সে যেন আমাদের এই মাসজিদে যেন না আসে। কেননা মানুষ যাতে কষ্ট পায়, তাতে ফেরেস্তাগণও কষ্ট পায়।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৫৬৪; আবূ আওয়ানা: ১/৪১২; তিরমিযী: ১৮০৬; নাসাঈ: ২/৪৩; সহীহ ইবনু খুযাইমাহ: ১৬৬৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৭৩৬; মুসনাদ আহমাদ: ৩/৩৮০; সহীহ আল বুখারী: ৮৫৪; আবূ আওয়ানা: ১/৪১১; তাহাবী, শারহু মা'আনিল আসার: ৪/২৩৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৫১০; আবূ দাঊদ: ৩৮২২; সুনান বাইহাকী: ৩/৭৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪৯৬; তাবারানী আস সাগীর: ২/১২৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৫৪৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91236

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন